

# বিশ্ববিদ্যালয়ে সমন্বিত ভর্তির সুপারিশ দুদকের

১৫ মে ২০১৯ ০১:৫৩

আপডেট: ১৫ মে ২০১৯ ০১:৫৩



## আমাদের মমতা

বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার নামে কোচিং বাণিজ্য, প্রশ্নপত্র ফাঁস, অনুদান, উন্নয়ন তহবিলের নামে বিভিন্ন অনিয়ম দুর্নীতি রোধ করতে সমন্বিত ভর্তি পদ্ধতির সুপারিশ করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। একইভাবে শিক্ষক-কর্মচারী নিয়োগে দুর্নীতি-স্বজনপ্রীতি হ্রাস করতে নীতিমালা প্রণয়নের মাধ্যমে বিশ্ববিদ্যালয় মঞ্চের কমিশনের (ইউজিসি) মাধ্যমে নিয়োগের সুপারিশ করা হয়েছে দুদকের বার্ষিক প্রতিবেদনে।

দুদকের সুপারিশ হচ্ছে  $\tilde{N}$  মেডিক্যাল কলেজগুলোর ভর্তি পরীক্ষা প্রক্রিয়া অনুসরণ করে সরকারি-বেসরকারি সব সাধারণ বিশ্ববিদ্যালয়ে ইউজিসির মাধ্যমে সমন্বিত ভর্তি পরীক্ষা প্রক্রিয়া অনুসরণ করা। একইভাবে সব কারিগরি বিশ্ববিদ্যালয়ে সমন্বিত ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা। এ জন্য ইউজিসি সমন্বিত ভর্তি নীতিমালা প্রণয়ন করতে পারে।